গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ, ১৭ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ/ ০১ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

এস,আর,ও, নং ৩২০-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, "THE ENT AND HEAD-NEAK CANCER HOSPITAL AND INSTITUTE" এর কেবল চিকিৎসা সেবা কার্যক্রম হইতে অর্জিত আয়ের উপর আরোপণীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এতদ্দারা অব্যাহিত (exemption) প্রদান করিল, যথা:-

শর্তাবলী

(১) উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত চিকিৎসা সেবা (হাসপাতালে ভর্তি ও তৎপরবর্তী আবাসিক চিকিৎসা সুবিধা, বহির্বিভাগীয় পরামর্শ বা ব্যবস্থাপত্র, প্যাথলজিক্যাল পরীক্ষা এবং সার্জারীসহ আনুষঙ্গিক অন্যান্য চিকিৎসা সুবিধা) এর ৩০% (ত্রিশ শতাংশ) গরীব ও অসহায় রোগীদের জন্য বিনামূল্যে প্রদানের ব্যবস্থা করিতে হইবে; এবং

(২) উক্ত প্রতিষ্ঠানকে উক্ত Ordinance-এর অধীন দাখিলকৃত আয়কর রিটার্ণের একটি অনুলিপিসহ দফা (১) এর বিপরীতে প্রদেয় চিকিৎসা সেবা সংক্রান্ত পরিসংখ্যান ও প্রয়োজনীয় তথ্যাদি প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত "ছক" এ সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ নজিবুর রহমান
সচিব ।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner